



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: precs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৪২০

তারিখঃ ১০/৮/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

ভোটার তালিকা হালনাগাদের সময় বৃদ্ধি :

দেশব্যাপী বাড়ি বাড়ি গিয়ে বিদ্যমান ভোটার তালিকার হালনাগাদ কার্যক্রম আগামী ২০ আগস্ট ২০০৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আজ প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি এম, এ, আজিজের সভাপতিত্বে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের সভায় সারাদেশ হতে প্রাপ্ত হালনাগাদ কার্যক্রমের অগ্রগতির তথ্য পর্যালোচনা করে উক্ত সময় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।


সভায় নির্বাচন কমিশনার বিচারপতি মাহফুজুর রহমান, নির্বাচন কমিশনার স ম জাকারিয়া নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব মোঃ আব্দুর রশীদ সরকার, উর্ধ্বতন ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

হালনাগাদ কার্যক্রম শেষে হালনাগাদকৃত তথ্যাদি যথাযথভাবে সন্নিবেশ করে তা জনসাধারণের দেখার জন্য সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসার/সহকারী রেজিস্ট্রেশন অফিসার, ইউনিয়ন পরিষদ, পৌরসভা অফিস, সিটি কর্পোরেশন/পৌরসভা ওয়ার্ড অফিসে বা ওয়ার্ডের অন্তর্গত কোন সুবিধাজনক স্থানে উন্মুক্ত রাখা হবে।

ভোটার তালিকায় কারো নাম একাধিক বার থাকলে, অপ্রাপ্ত বয়স্ক বা ভোটার হওয়ার অযোগ্য কেউ ভোটার হলে তাদের বিরুদ্ধে ভোটার তালিকা আইন ও বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধন একটি চলমান প্রক্রিয়া। নির্বাচনের পূর্ব দিন পর্যন্ত এই প্রক্রিয়ায় যথাবিধি ব্যবস্থা চলমান থাকবে।

বিদ্যমান ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে সকল রাজনৈতিক দল, বিভিন্ন সামাজিক ও পেশাজীবী সংগঠন, এন. জি. ও, প্রিন্ট ও ইলেক্ট্রনিক সংবাদ মাধ্যমসহ সকলে যে সহযোগিতা প্রদান করছে নির্বাচন কমিশন সেজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছে এবং হালনাগাদ কার্যক্রম সফল ভাবে সম্পাদনের জন্য তাদের এ সহযোগিতা অব্যাহত থাকবে বলে নির্বাচন কমিশন আশা করে।


(এস এম আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)
ফোন : ৮১১৪১৭৬
বাসা : ৮০৫৩৪৭৬